গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিপ্র-৮ শাখা (এনসিএসটি সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.most.gov.bd**

স্মারক নং:- ৩৯.০০.০০০০.০৩৫.০২.০০২.২৪.- ১৮৫

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩২
২৬ মে ২০২৫ খ্রি:

**বিষয়: বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা (সংশোধিত)-২০২৫**

১। **সংক্ষিপ্ত শিরোনামঃ** এ নীতিমালা বিজ্ঞান বিষয়ে শিক্ষাদানকারী বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা নামে অভিহিত হবে।

**২.০। অনুদান প্রদানের শর্তাবলী:**

আর্থিক অনুদান প্রাপ্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান (বিজ্ঞান বিভাগের অনুমোদন প্রাপ্ত)-কে যে সকল শর্ত পালন করতে হবে:

২.১। বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত এবং বিজ্ঞান বিভাগে পাঠদানের অনুমতি থাকতে হবে;
২.২। আর্থিক অনুদান প্রাপ্তির জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO)/অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি (মেট্রোপলিটন এলাকার জন্য) এর প্রত্যয়ন নিতে হবে;
২.৩। শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
২.৪। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরের নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
২.৫। প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;
২.৬। আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে একটি চলতি অনলাইন হিসাব থাকতে হবে এবং মাস ভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
২.৭। অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে;
২.৮। অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের বিবরণী দাখিল করতে হবে;
২.৯। বিগত অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয়-বিবরণীও দাখিল করতে হবে।

৩। <u>প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:</u>

৩.১। অনুদান প্রদানের জন্য মনোনীত কোনো মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান অনুদানের অর্থ কোনো অবস্থাতেই সেই প্রতিষ্ঠানের কোনো ভৌত অবকাঠামো নির্মাণ করতে পারবে না বা অবকাঠামো নির্মাণে কোনো সামগ্রী/সরঞ্জামাদি ক্রয় করতে পারবে না;

৩.২। অনুদানের অর্থ কোনো অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারীদর বেতন ভাতাদি/সম্মানি প্রদান এবং অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;

৩.৩। প্রাপ্ত অনুদান দ্বারা বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ছাড়া অন্য কোনো সরঞ্জামাদি ক্রয় করা যাবে না;

৩.৪। একজন অনুদান প্রস্তাবক নিজ নামে বা যুগ্মভাবে কোনো প্রতিষ্ঠানের নামে একটি আবেদনের বেশি প্রস্তাব দাখিল করতে পারবে না। এরুপ ক্ষেত্রে সকল আবেদন প্রস্তাবই বাতিল করা হবে। কোনো ব্যক্তি এই মন্ত্রণালয়ের অধীনে বিশেষ অনুদান কর্মসূটির আওতায় আবেদন করে থাকলে এ প্রকল্পে আবেদনের যোগ্য হবেন না;

৩.৫। এ মন্ত্রণালয় থেকে অনুদানপ্রাপ্ত কোনো আবেদনকারী চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করলে নতুন কোনো আবেদনের প্রস্তাব গ্রহণ করা হবে না;

৩.৬। প্রস্তাবিত অনুদানের জন্য এ ছক অনুসারে আবেদনপত্র পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে বর্ণিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

৩.৭। এ অর্থ ৩০ জুনের মধ্যে যথাযথভাবে খরচ করতে অসমর্থ হলে মঞ্জুরীকৃত অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের কপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.০। আবেদন বাছাই ও অনুদান বরাদ্দ কমিটি:

৪.১। আবেদন বাছাই ও অনুদান বরাদ্দের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে একটি কমিটি গঠিত হবে:

| ক্র. নং | নাম, পদবী ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|
| ০১. | অনুবিভাগ প্রধান (বিপ্র অনুবিভাগ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ০২. | যুগ্মসচিব (বিপ্র-২ অধিশাখা), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৩. | অর্থ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ০৪. | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ধানমন্ডি, ঢাকা- এর একজন পরিচালক পর্যায়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৫. | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- এর একজন পরিচালক পর্যায়ের মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৬. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সংশ্লিষ্ট শাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৫.০। অনুদান প্রদানের পদ্ধতি :

৫.১। প্রতি অর্থ বছর শুরুর পূর্বে অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ১ (এক) টি জাতীয় বাংলা দৈনিক এবং ১ (এক) টি জাতীয় ইংরেজী দৈনিক এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অন্তত ১ (এক) মাসের সময় দিয়ে প্রকাশ করা হবে । এছাড়াও জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের বিজ্ঞপ্তির কপি প্রেরণ করতে হবে ।

৫.২। প্রকাশিত বিজ্ঞপ্তির জবাবে আগ্রহী বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত ছকে (সংলাগ-ক) আবেদন করবে :

৫.৩। অনুদান বরাদ্দ কমিটির সভায় অনুদানের জন্য বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান মনোনয়ন প্রদানের চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ করবে।

৫.৪। বাংলাদেশের অনগ্রসর এলাকাসমূহকে বিজ্ঞান বিষয়ে উৎসাহিত করার লক্ষ্যে এবং প্রত্যন্ত অঞ্চলে বিজ্ঞান সম্প্রসারণের স্বার্থ বিশেষভাবে বিবেচনা করে অনুদান প্রদান করা হবে। একই বিষয়ে একাধিক বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান আবেদন করলে অনুদান প্রাপ্তির জন্য নিম্নোক্ত ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে:

*যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান ইতোপূর্বে কোনো সরকারি অনুদান পায়নি সেই সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানকে;

*যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান- এর কাজের পরিধি অধিক ও কাজের গুণগতমান সন্তোষজনক;

*যে সকল বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান-এর ছাত্র-ছাত্রী সংখ্যা/কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা অধিক;

৫.৫। কোনো বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান-এর অনুকূলে অনুদান বরাদ্দের ক্ষেত্রে এক অর্থবছরে সর্বোর্চ্চ এক লক্ষ টাকা বরাদ্দ করা হবে;

৫.৬। কোনো প্রতিষ্ঠান অনুদান প্রাপ্ত অর্থের সন্তোষজনক ব্যবহার প্রদর্শন করতে না পারলে পরবর্তীতে সেই প্রতিষ্ঠান অনুদানের জন্য বিবেচিত হবে না;

৬.০। <u>অনুদান প্রাপ্ত বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিদর্শন</u> :

৬.১। অনুদানপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যবেক্ষণের উদ্দেশ্য পরিদর্শন ব্যবস্থা থাকবে;

৬.২। পরিদর্শনের লক্ষ্যে মন্ত্রণালয় কিংবা মন্ত্রণালয়ের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও মূল্যায়ণ করবেন;

৬.৩। মন্ত্রণালয় কিংবা মন্ত্রণালয়ের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে পরিদর্শনে প্রেরণ করা সম্ভব না হলে সেক্ষেত্রে জেলা ও উপজেলা পর্যায়ের বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও মূল্যায়ণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব প্রদান করা যাবে;

৬.৪। পরিদর্শন কর্মকর্তা মন্ত্রণালয়ের সচিব বরাবর পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন;

৬.৫। পরিদর্শন প্রতিবেদনের উপর ভিত্তি করে অনুদান বরাদ্দ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২০/০৫/২০২৫

মোঃ মোকাব্বির হোসেন
সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়